

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ জুলাই ২০১৫/১৫ শ্রাবণ ১৪২২

নম্বর-০৮.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪-১৩০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৫/০১/২০১৪ তারিখের ০৮.৬১১.০০৬.০০.০১১.২০১-০৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত নিম্নলিখিত মন্ত্রিসভা কমিটিসমূহ পুনর্গঠন করিয়াছে :

- (ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);
- (খ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (গ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঘ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

- ২। উপর্যুক্ত মন্ত্রিসভা কমিটিসমূহের পুনর্গঠন পরিশিষ্ট ‘ক’ হইতে ‘ঙ’-তে প্রদত্ত হইল।
৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২০১৫/০৭/৩০
(মাহাম্বদ মোশাররাফ হোসাইন ভূইয়ে)

মন্ত্রিপরিষদ সচিব

উপপ্রিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের প্রবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০(দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল।

নম্বর-০৮.০০.০০০০.৬১১.০০২.১৪- ১৩০

১৫ শ্রাবণ, ১৪২২
তারিখ.....
৩০ জুলাই, ২০১৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ সদস্য.....মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ
মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৫/০৭/৩০/০৭/১৫

(মন্ত্রী আহমেদ)

সহকারী সচিব

ফোন ৪৯৫১১০৮১

(ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একমেক)

১। কমিটির গঠন :

ক্রমিক নং	নাম ও পদবি	দায়িত্ব
১.	শেখ হাসিনা প্রধানমন্ত্রী	চেয়ারপারসন
২.	জনাব আবুল মাল আব্দুল মুহিত মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	বিকল্প চেয়ারম্যান
৩.	জনাব আমির হোসেন আয়ু মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৪.	জনাব তোফায়েল আহমেদ মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৫.	বেগম মতিয়া চৌধুরী মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৬.	সৈয়দ আশরাফুল ইসলাম মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
৭.	খন্দকার মোশাররফ হোসেন মন্ত্রী, স্থানীয় সরকার, পর্যটন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
৮.	ইলিমিয়ার মোশাররফ হোসেন মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
৯.	জনাব ওবায়দুল কাদের মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	সদস্য
১০.	জনাব আবিসুল ইসলাম মাহমুদ মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
১১.	জনাব শাহজাহান খান মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
১২.	জনাব আ হ ম মুন্তফা কামাল মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১৩.	জনাব এম, এ, মাঝান প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১৪.	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/ প্রতিমন্ত্রী	সদস্য

২। সহায়তাদানকারী কর্মকর্তাগণের তালিকা, কমিটির কার্যপরিধি এবং অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৭

৮

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সচিব, পরিকল্পনা বিভাগ
- (৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- (৫) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- (৬) সচিব, অর্থ বিভাগ
- (৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (৮) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
- (৯) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি :

- (১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন;
- (২) সরকারি খাতে ২৫ (পঁচিশ) কোটি টাকার উক্ত মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কর্মিতি (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;
- (৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;
- (৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা;
- (৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

- (ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।